ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/চ-৫০/২০১৬/ ১৩০৪ তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ ব. / ০২ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

**বিষয়: অভিযোগ থেকে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১. জেলা প্রশাসকের কার্যালয় (শিক্ষা শাখা), চাঁদপুর এর স্মারক নং-০৫.৪২.১৩০০.০৩২.০৭.০০৬.২৫-৪৭৮;
তারিখ: ২৭.০৪.২০২৫খ্রি.
২. জনাব এনামুল কবির সুমন কর্তৃক জেলা প্রশাসক, চাঁদপুর বরাবর দাখিলকৃত অভিযোগ;
৩. তদন্ত প্রতিবেদন, স্মারক নং ০৫.৪২.১৩৭৯.০০২.১৮.২০২.২৬-৪০৪; তারিখ: ১১.০৫.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জনানো যাচ্ছে যে, নেদায়ে ইসলাম মহিলা ফাজিল মাদরাসা, মতলব উত্তর, চাঁদপুর-এর অধ্যক্ষ জনাব মো: শহীদ উল্যাহর বিরুদ্ধে অবৈধভাবে অধ্যক্ষ নিয়োগ ও তার এমপিও বাতিলের জন্য জনাব এনামুল কবির সুমন কর্তৃক জেলা প্রশাসক, চাঁদপুর বরাবর দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয় (শিক্ষা শাখা), চাঁদপুর উক্ত অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১ নং সূত্রোস্থ স্মারক মারফত রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বরাবর পত্র প্রেরণ করেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক তদন্ত প্রতিবেদন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মতলব, চাঁদপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

বর্নিত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সহকারী কমিশনার (ভূমি), মতলব উত্তর, চাঁদপুর একটি প্রতিবেদন দাখিল করেছেন। উপজেলা নির্বাহী অফিসার, মতলব, চাঁদপুর দাখিলকৃত সূত্র-৩ এ উল্লেখিত তদন্ত প্রতিবেদনটি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করেছেন।

দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী অধ্যক্ষ জনাব মো: শহীদ উল্যাহর বিরুদ্ধে অভিযোগসমূহ প্রমাণিত না হওয়ায় অধ্যক্ষ কে বর্ণিত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

০২.০৯.২৬

(অধ্যাপক ড. এ. কে. মুহা. নুরুল ইসলাম)
রেজিস্ট্রার (অ.দা.)
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
মেইল: iauregistr@gmail.com

প্রাপক
অধ্যক্ষ
নেদায়ে ইসলাম মহিলা ফাজিল মাদরাসা
ডাকঘর: ফরাজীকান্দি, উপজেলা: মতলব উত্তর, জেলা: চাঁদপুর।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/চ-৫০/২০১৬/ ১৩০৪ (৫) তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ ব. / ০২ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সভাপতি, নেদায়ে ইসলাম মহিলা ফাজিল মাদরাসা, মতলব উত্তর, চাঁদপুর।
২. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. জনাব এনামুল কবির সুমন (অভিযোগকারী)।
৪. আই.সি.টি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি।

০২/৯/২০২৬

(ফাহাদ আহমদ মোমতাজী)
উপ-রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০৫